উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান, ব্যক্তি পর্যায়ের গবেষক, গণমাধ্যম প্রতিবেদক ও সম্পাদক, কম্পিউটার উইং ও বিবিএস লাইব্রেরির মাধ্যমে উপাত্ত ব্যবহারকারীগণ এবং অন্যান্য সাধারণ ব্যবহারকারীগণও এর অন্তর্ভুক্ত হয়। কাঙ্ক্ষিত নমুনার তালিকা এবং তাদের যোগাযোগের মোবাইল ফোন নম্বর এনএসডিএস ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রজেক্টের মাধ্যমে সংকলন করা হয়।

representatives from International Organizations and Development Partners, Individual Researchers, Reporters and Editors from Mass Media, data users through Computer Wing and BBS Library, and other general users were also included in the target population. The list of the target population and their contact details were compiled through the NSDS-ISP at BBS.

CHAPTER 3

Chapter 3

৩য় অধ্যায়

তথ্য সংগ্রহ, প্রক্রিয়াকরণ ও বিশ্লেষণ

৩.১ জরিপপূর্ব সমীক্ষা

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর (বিবিএস) এনএসডিএস ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রজেক্টের মাধ্যমে প্রথমবারের মতো সরকারি পরিসংখ্যান ব্যবহারকারীগণের সন্তুষ্টির মাত্রা নিরূপনের নিমিত্ত ইউজার স্যাটিসফ্যাকশন সার্ভে (ইউএসএস) ২০২২ পরিচালনা করেছে। এরূপ জরিপ পরিচালনায় বিবিএস'র পূর্ব অভিজ্ঞতা না থাকায় প্রশ্নপত্রের বিষয়বস্তু নির্ধারণ, প্রশ্নপত্র চূড়ান্তকরণ, সুষ্ঠুভাবে তথ্য সংগ্রহ করার লক্ষ্যে ধারণা গ্রহণের জন্য একটি প্রাক-সমীক্ষা পরিচালনা করে। প্রাক-সমীক্ষাটি ১০ হতে ১৫ ফেব্রুয়ারী ২০২২ পর্যন্ত সময়ে প্রণীত খসড়া প্রশ্নপত্রের আলোকে পরিচালিত হয়। বিবিএস সদর দপ্তর এবং মাঠ পর্যায়ের কর্মকর্তাগণ এই কাজে নিয়োজিত ছিলেন। জরিপপূর্ব সমীক্ষান্তে প্রাপ্ত উপাত্তের পর্যবেক্ষণসমূহের আলোকে একটি পর্যালোচনা কর্মশালায় আয়োজন করা হয়। জরিপপূর্ব সমীক্ষা এবং কর্মশালা থেকে প্রাপ্ত মতামত, পর্যবেক্ষণ এবং পরামর্শসমূহ মূল জরিপ পরিচালনার নিমিত্ত প্রণীত প্রশ্নপত্র, ম্যানুয়াল এবং অন্যান্য লজিস্টিক চূড়ান্ত করায় জন্য সহায়ক ভূমিকা পালন করেছে। সার্বিক বিবেচনায় সহজেই অনুমেয়, জরিপ পূর্ব সমীক্ষাটি ছিল খুবই কার্যকর ও ফলপ্রসূ।

৩.২ তথ্যসংগ্রহকারীগণের প্রশিক্ষণ

প্রথমবারের মতো পরিচালিত ইউজার স্যাটিসফ্যাকশন সার্ভে (ইউএসএস) ২০২২ এর নমুনায়নে Purposive Sampling পদ্ধতি ব্যবহার করা হয়। নমুনাসমূহে ব্যাপক বৈচিত্র্য বিদ্যমান থাকায় এই জরিপের তথ্য সংগ্রহকারী খুব সতর্কতার সাথে নির্বাচন করা হয়েছে। এই সমীক্ষার তথ্য সংগ্রহ প্রক্রিয়া ছিল অত্যন্ত সংবেদনশীল, কারণ এতে সরকারের বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগ এবং সংস্থার পাশাপাশি বিশিষ্টজন, গবেষণা প্রতিষ্ঠান, গবেষক, সাধারণ পরিসংখ্যান ব্যবহারকারীগণকে নমুনায় অন্তর্ভুক্ত করা হয়।

এ কর্মযজ্ঞ বাস্তবায়নে, বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়, জেলা পরিসংখ্যান কার্যালয় এবং উপজেলা পরিসংখ্যান কার্যালয় হতে দক্ষ ও যোগ্য তথ্য সংগ্রহকারী নির্বাচন করা হয়। তথ্য সংগ্রহ কার্যক্রম নিবিড়ভাবে তদারকি করার

Data Collection, Processing, and Analysis

3.1: Pretest of the Survey

Bangladesh Bureau of Statistics (BBS) conducted the User Satisfaction Survey (USS) 2022 for the first time under the NSDS Implementation Support Project. As BBS had no prior experience in conducting such survey, a pre-test was necessary to assess the content of the questionnaire, design, ease of use for respondents, and data collectors. Therefore, a pre-test was conducted with the draft questionnaire from 10-15 February 2022. Officials of BBS headquarters and field offices were engaged in this survey. A review workshop was held based on the findings obtained from the pre-test survey. The feedback, observations, and conclusions obtained from the pre-test and workshop were then coordinated to finalize the questionnaire, manual, and other logistics for the main survey. So, considering the overall aspect of the survey, it can be assumed that the pre-test was very effective and fruitful.

3.2: Training of the Enumerators

As the survey is being conducted by BBS for the first time and there is wide diversity among the respondents, the data collectors of this survey were selected very carefully. The data collection for this survey was very crucial, as it covered various ministries, departments, and agencies of the government as well as many eminent persons were covered.

In this case, efficient and qualified data collectors were selected from the Divisional Statistics Offices, District Statistics Offices and the Upazila Statistics Offices. Officers of BBS were assigned the responsibility of

লক্ষ্যে বিবিএস এর কর্মকর্তাগণকে সুপারভাইজিং কর্মকর্তা এবং সমন্বয়কারীর দায়িত্ব প্রদান করা হয়। জরিপটির প্রশ্নপত্রের উপর তথ্য সংগ্রহকারী, সুপারভাইজিং কর্মকর্তা এবং সমন্বয়কারীগণকে ২২ হতে ২৪ মার্চ ২০২২ তারিখে গাজীপুর জেলার রাজেন্দ্রপুরে অবস্থিত ব্র্যাক-সিডিএমএ তিন দিনব্যাপী প্রশিক্ষণ প্রদান করা হয়। পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের (এসআইডি) সচিব এবং বিবিএসের মহাপরিচালক প্রশিক্ষণ কার্যক্রমটির সার্বিক তত্ত্বাবধান করেন। প্রকল্প পরিচালক, উপ-প্রকল্প পরিচালক, উপ-পরিচালক এবং এনএসডিএস ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রজেক্টের অন্যান্য কর্মকর্তাগণ তিন দিনব্যাপী এই প্রশিক্ষণে প্রশিক্ষক হিসেবে দায়িত্ব পালন করেন। প্রকল্পের আইসিটি বিশেষজ্ঞ এবং অর্থনীতিবিদ যথাক্রমে কম্পিউটার অ্যাসিস্টেড ফিল্ড এন্ট্রি (CAFE) এবং কম্পিউটার অ্যাসিস্টেড টেলিফোনিক ইন্টারভিউ (CATI) পদ্ধতি সম্পর্কিত প্রশিক্ষণ প্রদান করেন। তিন দিনব্যাপী আবাসিক প্রশিক্ষণে জরিপের প্রশ্নপত্র, নমুনায়ন পদ্ধতি, তথ্য সংগ্রহের প্রক্রিয়া সম্পর্কে পুঙ্খানুপুঙ্খ আলোচনা হয়, পাশাপাশি প্রশ্নপত্রের পর্যালোচনা, ম্যানুয়ালের ব্যবহার, গ্রুপভিত্তিক আলোচনা এবং তথ্য সংগ্রহে সম্ভাব্য প্রতিবন্ধকতা সমূহ পর্যালোচনা অন্তর্ভুক্ত ছিল।

৩.৩ তথ্য সংগ্রহ

ইউজার স্যাটিসফ্যাকশন সার্ভে (ইউএসএস) ২০২২ এর তথ্য সংগ্রহ কার্যক্রম ২৭ মার্চে শুরু হয়ে ১২ এপ্রিল, ২০২২ এ শেষ হয়। বিবিএস এর মহাপরিচালক কর্তৃক স্বাক্ষরিত একটি আধা-সরকারি পত্র প্রশ্নপত্রসমেত সমস্ত নির্বাচিত মন্ত্রণালয়, বিভাগ, দপ্তর প্রধান, গবেষণা প্রতিষ্ঠান এবং বিশিষ্ট ব্যক্তিগণের নিকট প্রেরণ করা হয়। পত্র এবং প্রশ্নাবলী পাঠানোর মুখ্য উদ্দেশ্য ছিল তথ্য সংগ্রহকারীদের সম্মানিত উত্তরদাতাগণের নিকট সহজ ও সাবলীল প্রবেশাধিকার নিশ্চিত করা এবং জরিপের প্রশ্নপত্র সম্পর্কে পূর্ব ধারণা প্রদান করা। প্রতিষ্ঠান এবং অন্যান্য সরকারি পরিসংখ্যান ব্যবহারকারীগণের তথ্য সংগ্রহের সুবিধার্থে ঢাকা সিটি কর্পোরেশন এলাকায় প্রত্যেক তথ্য সংগ্রহকারীর জন্য একজন সুপারভাইজিং কর্মকর্তা নিয়োগ করা হয়। তথ্য সংগ্রহকারীগণ প্রথমে সরাসরি সাক্ষাৎকার গহণের মাধ্যমে প্রশ্নপত্রটি পূরণ করেন এবং

supervising officers and coordinators to closely supervise their work. Later, intensive training was provided to the data collectors, supervising officers, and coordinators on the survey questionnaire. BRAC-CDM located at Rajendrapur, Gazipur district was chosen as the venue for the three-day long training program. The Secretary of the Statistics and Informatics Division (SID), and the Director General of BBS supervised the training program. The Project Director, Deputy Project Director, Deputy Director, and other officials from NSDS Implementation Support Project served as Master Trainers in this three-day-long training. The ICT Specialist and Economist of the Project conducted training related to the Computer Assisted Field Entry (CAFE) and Computer Assisted Telephonic Interview (CATI) methods. The three-day-long residential training involved indepth discussion of survey questionnaires, review, and the use of manuals, group discussions, power point presentations, and extensive work on the activities of data collection.

3.3: Data Collection

The field data collection for the User Satisfaction Survey 2022 started on March 27 and ended on April 12, 2022. At the beginning of the process, a questionnaire along with a letter signed by the Director General, of BBS was sent to all selected Ministries, Departments, Heads of Organizations, and dignitaries.

The letter and the questionnaire were sent mainly to enable the data collectors to have easy access to the valued respondents. A supervising officer was assigned to each data collector of Dhaka City Corporation and Dhaka Division to facilitate the data

পরবর্তিতে Online Entry Page এর মাধ্যমে পূরণকৃত প্রশ্নপত্রটি জমা প্রদান করেন, এই সম্পূর্ণ প্রক্রিয়াটিকে Computer Assisted Field Entry (CAFE) পদ্ধতি বলা হয়। এর পাশাপাশি উত্তরদাতার অনুরোধের ভিত্তিতে উত্তরদাতাগণের নিকট প্রশ্নপত্রটির অনলাইন লিংক, ইমেইলের মাধ্যমেও প্রেরণ করা হয়। বিবিএস লাইব্রেরি এবং কম্পিউটার উইংয়ের সরকারি পরিসংখ্যান ব্যবহারকারীগণের তালিকা হতে দৈবচয়ন পদ্ধতিতে নির্বাচিত ব্যক্তিগণের নিকট হতে Computer Assisted Telephone Interviewing (CATI) পদ্ধতির মাধ্যমে তথ্য সংগ্রহ করা হয়। পাশাপাশি তথ্য সংগ্রহকারীগণ উত্তর প্রদানকারী ব্যক্তি ও প্রতিষ্ঠানসমূহে গমন করেন এবং সরাসরি সাক্ষাৎ করে প্রশ্নপত্রটি পূরণ করেন। সাক্ষাৎকার পর্বটি সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য এবং নন-রেসপন্স হার কমানোর লক্ষ্যে সাক্ষাৎকার গ্রহণের পূর্বে নমুনাকৃত প্রতিষ্ঠান এবং ব্যক্তিদের সহযোগিতা কামনা করে প্রকল্প দপ্তর ও মাঠ পর্যায়ের কার্যালয় হতে অনুরোধ পত্র প্রেরণ করা হয়।

৩.৪ উপাত্ত প্রক্রিয়াকরণ

জরিপের সংগৃহীত তথ্যসমূহ সংগ্রহের পর তা অনলাইনে লিপিবদ্ধ করার মাধ্যমে প্রকল্পের কেন্দ্রীয় ডাটাবেজে পাঠানো হয়। ডেটা প্রসেসিং টিম দ্বারা সংগৃহীত তথ্য-উপাত্তের আউট লায়ার সমূহ নির্বাচন করা হয় এবং তথ্যের অসামঞ্জস্যতাসমূহ নির্বাচনপূর্বক উত্তরদাতার নিকট ফোন কলের মাধ্যমে সঠিক তথ্য পুনরায় সংগ্রহ করা হয়। টিম তথ্যের বিশ্বাসযোগ্যতা, কোন কোন প্রশ্নে তথ্যের অনুপস্থিতি, তথ্যের অসঙ্গতি এবং উত্তরদাতা নমুনায়নের অংশ কিনা তা পরীক্ষা করে। প্রেরিত তথ্যের গুণগতমান বজায় রাখার লক্ষ্যে ফিল্ডওয়ার্কের শুরু থেকে শেষ পর্যন্ত ডেটা প্রসেসিং টিম রিয়েল টাইম ডাটা মনিটরিং করে। মূলত যখন যেই তথ্য সার্ভারে ইনপুট হয়েছে সেটি তাৎক্ষণিকভাবে পর্যালোচনা করা হয়েছে। কোন প্রকার অসঙ্গতি পরিলক্ষিত হলে তা সাথে সাথে তথ্য সংগ্রহকারীর নিকট প্রেরণ করা হয়। ডেটা ক্লিনিং এবং যাচাইকরণের পরে, পূর্ব-পরিকল্পিত এবং প্রকল্প কর্তৃক অনুমোদিত ট্যাবুলেশন প্ল্যানের উপর ভিত্তি করে প্রতিবেদনের জন্য টেবিল তৈরি করা হয়। তথ্য-উপাত্ত

collection of government departments and other dignitaries. The data collectors collected the data in a face-to-face interview using the CAFE method, and the data was submitted to the project office through the web-based application. Also, the questionnaire was sent via email to eminent respondents who were out of reach. Data were collected from the selected users of the Library & Computer Wing through the CATI method.

Moreover, the interviewers visited the selected institutions and individuals in their offices, using a structured questionnaire to conduct the interviews. To reduce interview time and non-response rate, all sampled institutions and individuals were notified before the administration of the questionnaires to solicit their cooperation.

3.4: Data Processing

After collecting all the responses from the survey, the data were sent to the central database of the project office. The data were cleaned and validated by Data Processing Team. The team checked the structure of the data, missing data, inconsistencies, and completeness of interviews. They were also responsible for the constant review of the data sent to the central point for real-time operational decisions to ensure data quality from the beginning to the end of the fieldwork. After data cleaning and validation, tables for the report were generated based on a pre-designed and approved tabulation plan. Oracle RDBMS (v.19c) was used for data processing.

প্রক্রিয়াকরণে Oracle RDBMS (v.19c) ডেটা ব্যবহার করা হয়।

৩.৫ উপাত্ত বিশ্লেষণ

জরিপের তথ্য বিশ্লেষণে প্রধানত ওরাকল এবং স্টাটা সফটওয়্যারটি ব্যবহার করা হয়েছে, উপরন্তু, মাইক্রোসফ্ট এক্সেল এবং অন্যান্য কতিপয় প্রয়োজনীয় সফটওয়্যার সমীক্ষার ফলাফল সারণী প্রস্তুত ও উপস্থাপনে ব্যবহার করা হয়েছে।

৩.৬ রেফারেন্স পিরিয়ড

‘ইউজার স্যাটিস্ফেকশন সার্ভে (ইউএসএস) ২০২২’ বিবিএস কর্তৃক প্রস্তুত ও প্রকাশিত সরকারি পরিসংখ্যান ব্যবহারকারীগণের সন্তুষ্টি পরিমাপ করার জন্য একটি বেজলাইন সমীক্ষা। জরিপটি পরিচালনার প্রথম দিন হতে পূর্ববর্তী ২৪ মাস উত্তরদাতার জন্য রেফারেন্স পিরিয়ড হিসাবে ধার্য করা হয়। মূলত বিগত ২৪ মাসে যে সকল সরকারি পরিসংখ্যান ব্যবহারকারী ডেটা সংগ্রহ বা অন্য কোন উদ্দেশ্যে বিবিএস এর সাথে যোগাযোগ করেছিলেন বা করার চেষ্টা করেছিলেন, তাদের বিবেচনায় নিয়ে শুধু সেই সকল ব্যক্তি ও প্রতিষ্ঠানকে কতিপয় নির্ধারিত প্রশ্ন করা হয়।

3.5: Data Analysis

Oracle and Stata have been used mainly to analyze the survey data. Furthermore, Microsoft Excel (2021), and some other statistical software were used to tabulate and conclude the survey results.

3.6: Reference Period

‘User Satisfaction Survey (USS) 2022’ is the baseline survey to measure the satisfaction level of the users of official statistics produced by BBS. The reference period for the users who attempted to contact the BBS for data collecting or other purposes was established as the previous 24 months prior to the survey's start date.

CHAPTER 4

Chapter 4

৪র্থ অধ্যায়

ফলাফল

Findings

২৭ মার্চ থেকে ১২ এপ্রিল ২০২২ পর্যন্ত ২ সপ্তাহব্যাপী ইউজার স্যাটিসফেকশন সার্ভে এর তথ্য সংগ্রহ করা হয়। সর্বমোট ৬০৯ প্রতিষ্ঠান ও ব্যক্তিকে নমুনা হিসেবে নির্বাচন করা হয়, যার মধ্যে ৫৮০ জন ব্যবহারকারী জরিপে তথ্য প্রদান করেন।

৪.১ উত্তরদাতাগণের বৈশিষ্ট্য

সারণি ২ -এ ইউএসএস-২০২২ এর উত্তরদাতাগণের সরকারি পরিসংখ্যান ব্যবহারের ধরন চিত্রিত করা হয়েছে। নমুনা হিসেবে নির্বাচিত ৬০৯ জনের মধ্যে মোট ৫৮০ জন সরকারি পরিসংখ্যান ব্যবহারকারী এই জরিপে অংশগ্রহণ করেন এবং ২৯ জন জরিপে অংশগ্রহণ করেননি। শতকরা হিসেবে ৯৫.২৪ শতাংশ অংশগ্রহণকারী জরিপে তথ্য প্রদান করেন এবং ৪.৭৬ শতাংশ জরিপে অংশ নেয়নি।

The User Satisfaction Survey data collection was conducted over two weeks between March 27 and April 12, 2022. A total sample of 609 institutions and individuals were selected for the interview, of which 580 users responded to the survey.

4.1 Characteristics of the respondents

Table 2 shows the response rate of USS 2022. Out of the 609 targeted participants, a total of 580 users responded to the survey, and 29 did not respond. The targeted respondent categories were approached either directly or indirectly, yielding a response rate of 95.24% and a non-response rate of 4.76%.

Table 2: Responses and non-responses of USS 2022

S/L	Sector	Count	Percent
01	Government Organization	160	26.27%
02	Financial Institution	3	0.49%
03	Business Community	5	0.82%
04	Education Sector	26	4.27%
05	Mass Media	33	5.42%
06	Development Partner	12	1.97%
07	Professional/ Civil Society/ Research Organization	22	3.61%
08	Training Academy	8	1.31%
09	Individual Researcher	30	4.93%
10	General User (Teacher, Research Student, Govt. Official, Journalist)	160	26.27%
11	Data Users through Computer Wing and BBS Library (last 03 years)	121	19.87%
12	Non-Response	29	4.76%
	Total	609	100%


চিত্র ১-এ দেখা যায় উত্তরদাতা গুপগুলোর মধ্যে সর্বোচ্চ সংখ্যক অংশগ্রহণকারী (২৬.২৭ শতাংশ) সরকারি সংস্থা ও সাধারণ ব্যবহারকারী এবং দ্বিতীয় সর্বোচ্চ সংখ্যক (১৯.৮৭ শতাংশ) অংশগ্রহণকারী রয়েছেন

Figure 1 depicts the target response category with a high participation rate for govt. organization and general user categories (26.27%); and the second highest share of the users belong to the category of data users

বিবিএসের কম্পিউটার উইং এবং লাইব্রেরীর তথ্য ব্যবহারকারীগণ থেকে।

using the BBS Computer Wing (19.87%) and the Library directly.

Figure 1: The Response rate of the USS 2022



ব্যবসায়ী সম্প্রদায় (০.৮৬ শতাংশ) এবং আর্থিক প্রতিষ্ঠান (০.৫২ শতাংশ) সমূহ বিবিএস কর্তৃক প্রস্তুতকৃত সরকারি পরিসংখ্যান সবচেয়ে কম ব্যবহার করেন।

Business communities (0.86%), and financial institutions (0.52%) are the least likely users of official statistics produced by BBS.

৪.২ সেক্টর ভিত্তিক সরকারি পরিসংখ্যান ব্যবহার

নিচের সারণিতে বিভিন্ন সেক্টরভিত্তিক ব্যবহৃত সরকারি পরিসংখ্যানের সংক্ষিপ্ত বিবরণ তুলে ধরা হয়েছে। সর্বাধিক ব্যবহৃত সরকারি পরিসংখ্যান যথাক্রমে জনসংখ্যা, জনমিতি, জন্ম, মৃত্যু, বিবাহ, দারিদ্র্য, কৃষি, এবং জাতীয় হিসাব পরিসংখ্যান। নিচের সংখ্যাতাত্ত্বিক মানগুলো (সারণি ৩) সরকারি পরিসংখ্যান ব্যবহারকারীগণের একাধিক রেসপন্সকে নির্দেশ করে।

4.2 Use of Official Statistics by Sector

The following table-3 summarizes the most frequently used official statistics by different categories. The most widely used statistics are the Population, Demographic & Vital Statistics followed by Poverty, Agriculture Statistics, and National Accounts. The following count contains multiple responses to the official statistics from users.

Table 3: Official Statistics by Sector/Type

Sector/Type of Official Statistics	Count	Percent
Agriculture Statistics	232	40.00%
National Accounts	204	35.17%
Price Statistics	150	25.86%
Foreign Trade Statistics	117	20.17%
Industry Statistics	146	25.17%
Labor Statistics	192	33.10%
Poverty Statistics	252	43.45%
Population, Demographic and Vital Statistics	409	70.52%

Sector/Type of Official Statistics	Count	Percent
Health Statistics	160	27.59%
Gender Statistics	155	26.72%
Education Statistics	190	32.76%
Environment Statistics	137	23.62%
Crime/Judicial Statistics	34	5.86%
Others	11	1.90%

উপরের সারণি থেকে দেখা যায়, দুই-তৃতীয়াংশের বেশী ব্যবহারকারী জনসংখ্যা, জনমিতি এবং জন্ম, মৃত্যু, বিবাহ, ইত্যাদি পরিসংখ্যান (৭০.৫২ শতাংশ) ব্যবহার করেন। দারিদ্র্য পরিসংখ্যান এবং কৃষি পরিসংখ্যান ব্যবহার করেছেন যথাক্রমে ৪৩.৪৫ শতাংশ এবং ৪০.০০ শতাংশ ব্যবহারকারী। সবচেয়ে কম সংখ্যক (৫.৮৬ শতাংশ) ব্যবহারকারী অপরাধ/বিচারিক পরিসংখ্যান ব্যবহার করেছেন।

৪.৩ সরকারি পরিসংখ্যান ব্যবহারে বিবিএস হতে ব্যবহারকারীগণের প্রত্যাশা


ব্যবহারকারীগণের নিকট বিবিএস কর্তৃক প্রস্তুতকৃত সরকারি পরিসংখ্যানের চাহিদা নির্ধারণ করাই ছিল এই প্রশ্নটির লক্ষ্য। ব্যবহারকারীগণের এক-তৃতীয়াংশ (৩৫ শতাংশ) বিবিএস এর বিদ্যমান তথ্য-উপাত্ত নিয়ে সন্তুষ্টি প্রকাশ করলেও তাদের প্রায় দুই-তৃতীয়াংশ (৬৫ শতাংশ) ডোমেইনভিত্তিক আরো বিস্তারিত তথ্য-উপাত্ত প্রকাশের বিষয়ে মত প্রকাশ করেন।

The above table shows the population, demographic & Vital Statistics (70.52%) are used by more than two-thirds of the users. Poverty Statistics and Agriculture Statistics are used by 43.45% and 40% of the users respectively. The use of Crime/Judicial statistics at 5.86% stands at the lowest.

4.3 User requirement of Official Statistics from BBS

The objective of this question was to determine the further requirements and user requirements from official statistics produced by BBS. About two-thirds of the users (65%) expressed that they expect more statistical data in the different domains in addition to the available data. One-third (35%) of the respondents stated that they are satisfied with the existing data produced by BBS.

Figure 2: Demand for additional data from BBS




৪.৪ সরকারি পরিসংখ্যানের সহজলভ্যতা

সরকারি পরিসংখ্যান ব্যবহারকারীগণকে প্রত্যাশিত তথ্যের সহজলভ্যতা সম্পর্কে জিজ্ঞাসা করা হয়েছিল। চিত্র ৩-এ দেখা যায় ব্যবহারকারীগণের ৪২.১৪ শতাংশ প্রায়শই প্রয়োজনীয় তথ্য খুঁজে পেয়েছেন, ৩০.৫৯ শতাংশ মাঝেমধ্যে তথ্য খুঁজে পেয়েছেন, ২৩.৯৫ শতাংশ সর্বদা তথ্য খুঁজে পেয়েছেন, এবং ৩.৩২ শতাংশ ব্যবহারকারীগণ অধিকাংশ সময় তাদের কাঙ্ক্ষিত তথ্য খুঁজে পাননি। ব্যবহারকারীগণের কাছে তথ্যের সহজলভ্যতা বাড়াতে বিবিএস'এর তথ্য উপস্থাপন কৌশলের কার্যকারিতা আরও বৃদ্ধি করা প্রয়োজন।

4.4 Availability of the Official Statistics

The users of Official Statistics were also asked to indicate the availability of the data which they were searching for. Figure 3 shows that 42.14% of the users found the required data, 30.59% sometimes found their data, 23.95% always found what they were looking for, and 3.32% of the users rarely found their required data. If we assume the effectiveness of the data dissemination strategy of BBS, there is much more to be done to make the data available to the users.

Figure 3: How often do respondents find the data they look for



৪.৫ সরকারি পরিসংখ্যান ব্যবহারের উদ্দেশ্য

বর্ণিত সারণিতে বিভিন্ন সরকারি পরিসংখ্যান ব্যবহারের উদ্দেশ্য তুলে ধরা হয়েছে যেখানে ব্যবহারকারীগণের সরকারি পরিসংখ্যান ব্যবহারের একাধিক উদ্দেশ্য চিহ্নিত করতে বলা হয়েছিল।

4.5 Purpose of Using Official Statistics

The following table shows the purpose of using the different types of official statistics. Here the users were asked to select more than one purpose for using the different official statistics.


Table 4: Purpose of Using Official Statistics

Type of Official Statistics	Decision-making/ policy formulation (%)	Planning (%)	Modeling & Forecasting (%)	Education & Research (%)	Monitoring & Evaluation (%)
Agriculture Statistics	23.79	29.52	23.79	51.98	9.69
National Accounts	24.74	25.26	29.38	56.19	12.37
Price Statistics	31.21	25.53	38.30	51.77	19.15
Foreign Trade Statistics	27.68	25.89	39.29	57.14	15.18
Industry Statistics	28.87	29.58	36.62	47.89	12.68
Labor Statistics	26.09	28.26	26.09	59.78	15.22
Poverty Statistics	21.9	35.54	25.62	52.07	14.46
Population, Demographic & Vital Statistics	29.34	26.53	18.62	47.45	9.69
Health Statistics	21.15	28.21	24.36	60.26	12.82
Gender Statistics	24.66	32.88	28.77	53.42	18.49
Education Statistics	19.44	26.67	22.22	58.89	15.56
Environment Statistics	21.88	27.34	32.81	60.25	21.09
Crime/Judicial Statistics	33.33	50.00	20.00	40.00	26.67
Others	57.14	71.43	28.57	42.86	42.86

সারণি ৪-এ দেখা যায়, অধিকাংশ উত্তরদাতা জনসংখ্যা, জনমিতি এবং জন্ম, মৃত্যু, বিবাহ, ইত্যাদি পরিসংখ্যান ব্যবহার করেন শিক্ষা ও গবেষণার উদ্দেশ্যে ৪৫.৪৭ শতাংশ। তাছাড়া সিদ্ধান্ত গ্রহণ/নীতি প্রণয়ন, পরিকল্পনা প্রণয়ন, মডেলিং ও পূর্বাভাস, এবং পর্যবেক্ষণ ও মূল্যায়নের উদ্দেশ্যে যথাক্রমে ২৯.৩৪, ২৬.৫৩, ১৮.৬২, এবং ৯.৬৯ শতাংশ ব্যবহারকারী সরকারি পরিসংখ্যান ব্যবহার করে থাকেন। দারিদ্র্য পরিসংখ্যানের বেশিরভাগ ব্যবহারকারী (৫২.০৭ শতাংশ) শিক্ষা ও গবেষণার উদ্দেশ্যে এটি ব্যবহার করেছেন। এছাড়াও পরিকল্পনা প্রণয়ন, সিদ্ধান্ত গ্রহণ/নীতি প্রণয়ন এবং পর্যবেক্ষণ ও মূল্যায়নের উদ্দেশ্যে যথাক্রমে ৩৫.৫৪, ২১.৯০ এবং ১৪.৪৬ শতাংশ ব্যবহারকারী দারিদ্র্য পরিসংখ্যান ব্যবহার করে থাকেন।

Table 4 demonstrates that the majority of the respondents use Population, Demographic & Vital Statistics (47.45%) for education and research purposes. The second dominant purpose is for decision-making/policy formulation (29.34%), followed by planning (26.53%), modeling & forecasting (18.62%), and monitoring and evaluation, (9.69%). Poverty Statistics were used mostly for education and research purposes (52.07%). Furthermore, it served the purposes of planning (35.54%), decision-making/policy formulation (21.90%), and monitoring & evaluation (14.46%).

Figure 4: Purpose of Using Official Statistics



সামগ্রিকভাবে বিবিএস কর্তৃক প্রস্তুতকৃত সরকারি পরিসংখ্যান সবচেয়ে বেশী ব্যবহৃত হয় শিক্ষা ও গবেষণার ক্ষেত্রে।

৪.৬ সরকারি পরিসংখ্যান ব্যবহারের পৌনঃপুনিকতা

সরকারি পরিসংখ্যান ব্যবহারের ক্ষেত্রে ব্যবহারকারীগণের পৌনঃপুনিকতা সম্পর্কে বিবিএস জানার জন্য ব্যবহারকারীগণকে এ প্রশ্নটি করা হয়েছিল।

Education & Research is the main purpose of overall data users utilizing official statistics produced by BBS.

4.6 Frequency of Using Official Statistics

BBS needs to understand the frequency of using official statistics among data users. Table 5 demonstrates the frequency of official statistics.

Table 5: Frequency of use of Official Statistics

Frequency of Use	Response Count (%)
Daily	11.25%
Every Alternative day	0.36%
Weekly	5.10%
Fortnightly	1.23%
Monthly	11.07%
Quarterly	5.27%
Bi-annual	1.93%
Annual	9.49%
Not periodicity, but now and then	46.57%
Once upon a time	7.73%

সারণি ৫-এ সরকারি পরিসংখ্যান ব্যবহারের পৌনঃপুনিকতা প্রতিফলিত হয়েছে, যেখানে প্রায় অর্ধেক ব্যবহারকারী (৪৬.৫৭ শতাংশ) কোন পর্যায়ক্রম অনুসরণ করেননি বরং তারা মাঝে মাঝে সরকারি পরিসংখ্যান ব্যবহার করেছেন। এছাড়াও দৈনিক, মাসিক, ও বাৎসরিক ভিত্তিতে, এবং পূর্বে কোন একসময়ে বিবিএস'র সরকারি পরিসংখ্যান ব্যবহার করেছেন যথাক্রমে ১১.২৫, ১১.০৭, ৯.৪৯, এবং ৭.৭৩ শতাংশ ব্যবহারকারী। ত্রৈমাসিক (৫.২৭ শতাংশ) ও সাপ্তাহিক (৫.১০ শতাংশ) ভিত্তিতে সরকারি পরিসংখ্যান ব্যবহারকারীর সংখ্যা প্রায় সমান। একদিন পরপর এবং পাক্ষিকভিত্তিতে সরকারি পরিসংখ্যান ব্যবহারকারীর সংখ্যা সবচেয়ে কম যথাক্রমে ০.৩৬ এবং ১.২৩ শতাংশ।

৪.৭ সরকারি পরিসংখ্যানের উপযোগিতা নিরূপণ

সরকারি পরিসংখ্যান প্রস্তুত প্রক্রিয়া আধুনিকায়নের ক্ষেত্রে এর উপযোগিতা সম্পর্কে ব্যবহারকারীগণের দৃষ্টিভঙ্গি জানা একান্ত আবশ্যিক। উত্তরদাতাগণের নিকট জানতে চাওয়া হয়েছিল তারা ইতোপূর্বে যেসব পরিসংখ্যান ব্যবহার করেছে, উদ্দেশ্য অর্জনে তা কতটুকু সহায়ক ভূমিকা পালন করেছে। সারণি ৬ ও চিত্র ৫-এ বিষয়টি উপস্থাপন করা হল।

Table 5 shows that almost half (46.57%) of the users stated that they used official statistics of BBS not periodically, but now and then. After that, the second highest frequency of use of official statistics is daily (11.25%), followed by monthly (11.07%), annually (9.49%), and once upon a time users (7.73%) in descending order. Quarterly (5.27%) and weekly (5.10%) users are almost the same share of all respondents. User responses for using official statistics on every alternative day and fortnightly are at the lowest response count at 0.36% and 1.23% respectively.

4.7 Assessment of the usefulness of official Statistics

Knowledge of the usefulness of official statistics from the user's point of view is essential for the improvement in the production of statistics. Respondents were asked to determine the usefulness of the official statistics they used and how it helped them to achieve the purpose for which the data was sought.


Table 6: Assessment of the usefulness of Official Statistics

Type of Official Statistics	Very Useful %	Useful %	Somewhat Useful %	Not Very Useful %
Agriculture Statistics	13.42	68.40	16.02	2.16
National Accounts	26.37	58.71	11.94	2.99
Price Statistics	22	55.33	18.67	4.00
Foreign Trade Statistics	17.09	70.09	11.11	1.71
Industry Statistics	12.5	64.58	20.83	2.08
Labor Statistics	20.83	55.73	19.27	4.17
Poverty Statistics	21.29	58.23	18.47	2.01
Population, Demographic and Vital Statistics	24.63	59.85	13.30	2.22
Health Statistics	19.5	54.72	21.38	4.40
Gender Statistics	18.71	61.29	18.06	1.94
Education Statistics	18.62	64.36	15.96	1.06
Environment Statistics	20	53.85	23.08	3.08
Crime/Judicial Statistics	18.75	56.25	12.50	12.50
Others	62.5	37.50	0.00	0.00

চিত্র ৫ এ-দেখা যায় বৈদেশিক বাণিজ্য পরিসংখ্যান ব্যবহারকারীগণের অধিকাংশ বিবিএস কর্তৃক প্রস্তুতকৃত সরকারি পরিসংখ্যানকে ‘খুবই উপযোগী’ (১৭.০৯ শতাংশ) এবং ‘উপযোগী’ (৭০.০৯ শতাংশ) হিসেবে মত প্রকাশ করেন। যদিও উত্তরদাতাগণের মধ্যে যথাক্রমে ১১.১১ ও ১.৭১ শতাংশ বৈদেশিক বাণিজ্য পরিসংখ্যানকে ‘কিছুটা উপযোগী’ ও ‘খুব একটা উপযোগী নয়’ হিসেবে অভিহিত করে।

Figure 5 reveals that overall, most users of Foreign Trade Statistics and statistical products found the data ‘very useful’ (17.09%) or ‘useful’ (70.09%) while 11.11% of users find it to be ‘somewhat useful’ with only 1.71% rated them as ‘not useful’.

Figure 5: Assessment of Usefulness of Official Statistics



অপরদিকে পরিবেশ পরিসংখ্যান, এবং স্বাস্থ্য পরিসংখ্যান অপেক্ষাকৃত কম উপযোগী হিসেবে সরকারি পরিসংখ্যান ব্যবহারকারী কর্তৃক চিহ্নিত হয়েছে। উল্লেখ্য, এই খাত দুটি পরিসংখ্যান ব্যবহারকারীগণের চাহিদা অনুসারে আধুনিকায়নের যথেষ্ট সুযোগ রয়েছে।

On the other hand, Environment Statistics and Health Statistics appear to be the least useful of all the BBS official statistics to the users. Further attention and effort are required to improve these statistics and services and make them beneficial for the users.

Table 7: Percentage of satisfied respondents

Type of Official Statistics	Satisfied (%)	Somewhat Satisfied (%)	Somewhat Unsatisfied (%)	Unsatisfied (%)
Agriculture Statistics	34.05	49.14	15.52	1.29
National Accounts	40.69	42.16	13.73	3.43
Price Statistics	28.67	54.67	12.67	4.00
Foreign Trade Statistics	36.52	53.04	6.96	3.48
Industry Statistics	28.97	55.86	12.41	2.76
Labor Statistics	32.98	49.74	10.47	6.81

Type of Official Statistics	Satisfied (%)	Somewhat Satisfied (%)	Somewhat Unsatisfied (%)	Unsatisfied (%)
Poverty Statistics	40.96	42.17	13.25	3.61
Population, Demographic & Vital Statistics	45.54	43.07	9.65	1.73
Health Statistics	35.22	46.54	15.09	3.14
Gender Statistics	39.35	51.61	7.74	1.29
Education Statistics	39.15	50.26	8.99	1.59
Environment Statistics	29.63	54.07	14.81	1.48
Crime/Judicial Statistics	31.25	46.88	12.5	9.38
Others	62.50	37.50	0.00	0.00

৪.৮ সরকারি পরিসংখ্যান ব্যবহারকারীগণের সন্তুষ্টির মাত্রা নিরূপণ

কতটা সহজ এবং সাবলীলভাবে ব্যবহারকারীগণের নিকট বিবিএস কর্তৃক প্রস্তুতকৃত সরকারি পরিসংখ্যান উপস্থাপন করা যায় সে লক্ষ্যে প্রশ্নটি করা হয়েছিল। সারণি ৭-এ উপস্থাপিত ফলাফলে দেখা যায় সরকারি পরিসংখ্যান ব্যবহারকারীগণের সন্তুষ্টির মাত্রা ৪-পয়েন্ট লিকার্ট স্কেলে পরিমাপ করা হয়।

চিত্র ৬-এ সরকারি পরিসংখ্যানের বিভিন্ন খাতসমূহ পর্যালোচনা করে দেখা যায় জনসংখ্যা, জনমিতি এবং জন্ম, মৃত্যু, বিবাহ, ইত্যাদি পরিসংখ্যান (৫৫.১৯ শতাংশ), জাতীয় হিসাব পরিসংখ্যান (৫৪.৪২ শতাংশ), এবং দারিদ্র্য পরিসংখ্যান (৫৪.২১ শতাংশ) এর বেশিরভাগ ব্যবহারকারী সহজে বুঝতে পারেন।


অন্যদিকে মূল্য ও মজুরি পরিসংখ্যান (৫৮.৬৭ শতাংশ), শিল্প পরিসংখ্যান (৫৮.৬২ শতাংশ), শ্রম পরিসংখ্যান (৫৬.৫৫ শতাংশ), বৈদেশিক বাণিজ্য পরিসংখ্যান (৫৬.৫২ শতাংশ), অপরাধ/বিচারিক পরিসংখ্যান (৫৬.২৬ শতাংশ) এবং পরিবেশ পরিসংখ্যান (৫৫.৫৫ শতাংশ) ব্যবহারকারীদের তুলনামূলক বেশিরভাগ মনে করে সংশ্লিষ্ট খাতসমূহে উপস্থাপিত পরিসংখ্যান উপস্থাপনা ও প্রকাশের ক্ষেত্রে প্রাঞ্জলতার ঘাটতি রয়েছে।

4.8 Assessment of Satisfaction level of Official Statistics

The question asked to know about the statistics produced by BBS are presented in a user-friendly format to enable users to understand and interpret them with ease and clarity. The results presented in table 7 show that the satisfaction level of users of official statistics is measured on a 4-points Likert scale.

An analysis of the various categories of official statistics in figure 6 shows that higher proportions of users of Population, Demographic & Vital Statistics (55.19%), National accounts (54.42%), and Poverty Statistics (54.21%) find the way the statistics are presented to be user-friendly for easy understanding and interpretation and convenient for their use. On the other hand, relatively higher proportions of users of Price Statistics (58.67%), Industry Statistics (58.62%), Labour Statistics (56.55%), Foreign Trade Statistics (56.52%), Crime/Judicial Statistics (56.26%), and Environment Statistics (55.55%) are of the view that these statistics are not presented in a user-friendly manner, hence making them difficult to understand and subsequently interpret the data.

Figure 6: Level of Satisfaction & Unsatisfaction



উপরের চিত্র থেকে দেখা যায় সরকারি পরিসংখ্যান ব্যবহারকারীগণের মধ্যে জনসংখ্যা, জনমিতি এবং জন্ম, মৃত্যু, বিবাহ, ইত্যাদি পরিসংখ্যান এবং জাতীয় হিসাব পরিসংখ্যান ব্যবহারকারীদের মধ্যে যথাক্রমে ৫৫.১৯ ও ৫৪.৪২ শতাংশ সরকারি পরিসংখ্যান নিয়ে সন্তুষ্ট। অপরদিকে সরকারি পরিসংখ্যান ব্যবহারকারীগণের মধ্যে ৫৮.৬৭ শতাংশ মূল্য ও মজুরি পরিসংখ্যান নিয়ে তাদের অসন্তুষ্টি ব্যক্ত করেন।

The above figure-6 shows that Population, Demographic & Vital Statistics (55.19%), and National Accounts (54.42%) have a higher satisfaction rate among the users of official statistics. On the contrary, users of official statistics who sought data from BBS were most dissatisfied with the Price Statistics (58.67%) data.

৪.৯ সরকারি পরিসংখ্যানে অসন্তুষ্টির কারণ নিরূপণ

সরকারি পরিসংখ্যান ব্যবহারকারী হিসেবে উত্তরদাতাগণের সন্তুষ্টির মাত্রা পরিমাপ করার জন্য প্রশ্নটি করা হয়েছিল। পরবর্তী প্রশ্নে যেসকল উত্তরদাতা ‘অসন্তুষ্ট’ কিংবা ‘কিছুটা সন্তুষ্ট’ অপশনটি নির্বাচন করেছিল তাদের অসন্তুষ্টির কারণ খুঁজে পেতে কিছু প্রশ্ন জিজ্ঞাসা করা হয়েছিল এবং বিবিএস এর কোন কোন ক্ষেত্রে উন্নতি করা প্রয়োজন তা জানতে চাওয়া হয়েছিল। সারণি ৮-এ ব্যবহারকারীগণের অসন্তুষ্টির পূর্বনির্ধারিত কারণগুলো উল্লেখ করা হয়েছে। এ প্রশ্নের উত্তরে ব্যবহারকারীগণ অসন্তুষ্টির একাধিক কারণ নির্বাচন করেন।

4.9 Assessment of the Reasons for lack of satisfaction with Official Statistics

After assessing the level of satisfaction of the users of official statistics, the following question were asked to find the reasons for not meeting the requirement. The users who rated unsatisfied or somewhat satisfied with the previous question on the usability of the statistics produced were asked about the reason for their dissatisfaction and the areas of improvement. Table 8 shows the predefined reasons for dissatisfaction among the users. This was a multiple-answer question. Users could select more than one reason for dissatisfaction.

Table 8: Reasons for Dissatisfaction by Sector

Type of Official Statistics	Not enough details are provided (%)	Outdated data (%)	Data are not useful (%)	Needed to make a lot of assumptions (%)	Style of a presentation not suitable (%)
Agriculture Statistics	23.68	57.89	21.05	23.68	15.79
National Accounts	45.45	24.24	12.12	24.24	18.18
Price Statistics	16.67	29.17	45.83	16.67	12.50
Foreign Trade Statistics	7.69	69.23	30.77	30.77	23.08
Industry Statistics	22.73	63.64	36.36	22.73	4.55
Labor Statistics	25.00	50.00	34.38	25.00	9.38
Poverty Statistics	23.81	40.48	40.48	16.67	9.52
Population, Demographic & Vital Statistics	16.67	56.25	29.17	10.42	6.25
Health Statistics	25.93	51.85	25.93	7.41	11.11
Gender Statistics	50.00	57.14	21.43	28.57	21.43
Education Statistics	30.00	60.00	20.00	15.00	05.00
Environment Statistics	28.57	47.62	28.57	14.29	14.29
Crime/Judicial Statistics	14.29	28.57	42.86	0	28.57

সারণি ৮-এ দেখা যাচ্ছে ব্যবহারকারীগণের সবচেয়ে বেশি অসন্তুষ্টির কারণ প্রস্তুতকৃত সরকারি পরিসংখ্যানের সময়োপযোগিতার ঘাটতি। যথাসময়ে যথাযথ পরিসংখ্যান অপ্রতুলতা অসন্তুষ্টির সবচেয়ে বড় কারণ। যথাক্রমে ৬৯.২৩, ও ৬৩.৬৪ শতাংশ সরকারি পরিসংখ্যান ব্যবহারকারি বৈদেশিক বাণিজ্য পরিসংখ্যান ও শিল্প পরিসংখ্যান যথাসময়ে উপলব্ধ না হওয়ায় অসন্তুষ্টি প্রকাশ করেন। উত্তরদাতাগণের মতে, অন্যতম সমসাময়িক সরকারি পরিসংখ্যান হল জাতীয় হিসাব পরিসংখ্যান। এতদ্ব্যতীত অসন্তুষ্টির দ্বিতীয় বৃহত্তম কারণ, তথ্য-উপাত্তের অনুপযোগিতা। ব্যবহারকারীগণের ৪৫.৮৩ শতাংশ মূল্য পরিসংখ্যানকে সবচেয়ে কম উপযোগী মনে করেন। পাশাপাশি তারা জাতীয় হিসাব পরিসংখ্যানকে সবচেয়ে বেশি উপযোগী এবং সমসাময়িক পরিসংখ্যান হিসেবে বিবেচনা করেন। উত্তরদাতাগণ প্রকাশিত সরকারি পরিসংখ্যানের অনুপযোগিতা, বিস্তারিত তথ্য-উপাত্তের অনুপস্থিতি এবং উপস্থাপিত তথ্যের সহজবোধ্যতার

Table 8 shows that users were mostly dissatisfied with the timeliness of the statistics produced. According to the users, the most prevalent reason for dissatisfaction with official statistics is outdated data. Foreign Trade Statistics (69.23%) and Industry Statistics (63.64%) are the two types of official statistics where outdated data caused the most dissatisfaction. According to users, National Accounts data were the most frequently updated data. The second most widespread reason for user dissatisfaction was that the ‘data is not useful’. The users found the Price Statistics produced by BBS as the least useful (45.83%). Again, the users found National Accounts data as the most useful and frequently updated. After the usefulness of

ঘাটতি বা অভাবকে অসন্তুষ্টির পর্যায়ক্রমিক কারণ হিসেবে ব্যক্ত করেন।

উত্তরদাতাগণের মতে, বিবিএস কর্তৃক প্রস্তুতকৃত জেন্ডার পরিসংখ্যানে বিশদ ব্যাখ্যার ঘাটতি রয়েছে (৫০ শতাংশ)। জাতীয় হিসাব পরিসংখ্যান ব্যবহারকারীরা এটিকে সবচেয়ে উপযোগী মনে করেন এবং তাদের ৪৫.৪৫ শতাংশ মনে করেন পর্যাপ্ত তথ্য-উপাত্তের ঘাটতি রয়েছে। যথাক্রমে ৩০.৭৭, ও ২৮.৫৭ শতাংশ বহারকারী মনে করেন, বৈদেশিক বাণিজ্য পরিসংখ্যান এবং জেন্ডার পরিসংখ্যানের ক্ষেত্রে অনেক বেশি অনুমিতির প্রয়োজন হয়।

এছাড়াও স্বাস্থ্য পরিসংখ্যান এর ক্ষেত্রে সবচেয়ে কম অনুমিতির প্রয়োজন বিধায় স্বাস্থ্য পরিসংখ্যানকে সবচেয়ে বেশি স্বব্যখ্যাত পরিসংখ্যান বলে বিবেচনা করা যায়। অপরাধ/বিচারিক পরিসংখ্যানের ক্ষেত্রে উত্তরদাতাগণ আরো অনুমিতির প্রয়োজনের বিষয়ে কোন প্রতিক্রিয়া প্রকাশ করেননি। তাছাড়াও অপরাধ/বিচারিক পরিসংখ্যান উপস্থাপনার ধরন সবচেয়ে বেশি অনুপযুক্ত (২৮.৫৭ শতাংশ) ছিল মর্মে জরিপের উপাত্ত থেকে প্রতীয়মান হয়। যদিও শিল্প পরিসংখ্যানের ক্ষেত্রে এর বিপরীত চিত্র দেখা যায়। ব্যবহারকারীদের চাহিদা পূরণের ক্ষেত্রে বিবিএস'র সম্ভাব্য কর্মকৌশল নির্ধারণে এই মতামতগুলো সহায়ক ভূমিকা পালন করবে।

৪.১০. যথার্থতা, সময়োপযোগিতা ও প্রাসঙ্গিকতা সম্পর্কিত সন্তুষ্টির নিরূপণ

নিম্নে সরকারি পরিসংখ্যানের গুণগতমান সম্পর্কে ব্যবহারকারীগণের সন্তুষ্টির মাত্রা উপস্থাপন করা হয়েছে। সন্তুষ্টির মাত্রা নিরূপণে যথার্থতা, সময়োপযোগিতা ও প্রাসঙ্গিকতার বিষয়টি প্রাধান্য পেয়েছে। উল্লেখ্য, সরকারি পরিসংখ্যানের গুণগতমান বলতে সরবরাহকৃত তথ্যের নির্ভুলতার মাত্রা নয় বরং এর নির্ভরযোগ্যতাকে বুঝানো হয়েছে।

data, users of official statistics seek comprehensive and detailed data.

According to the responses, the users feel that the Gender Statistics produced by BBS do not provide enough details (50%). Although the users of National Accounts data reported it to be the most useful and updated, 45.45% reported that they could not find enough data on this. . The users needed make a lot of assumptions regarding Foreign Trade Statistics (30.77%), and Gender Statistics (28.57%).

Health Statistics produced by BBS seems most self-evident since it (Health Statistics) requires minimum percentage of assumptions. No responses were recorded against Crime/Judicial Statistics in this regard. The style of presentation of Crime/Judicial statistics (28.57%) was most unsuitable in the view of the users whereas the presentation of Industry Statistics was most acceptable to them. These views are expected to assist the Bangladesh Bureau of Statistics (BBS) to possibly re-strategize to meet users' expectations.

4.10 Assessment of the Satisfaction regarding Accuracy, Timeliness, and Relevance

This section presents key findings on the satisfaction of users of statistics concerning the quality of official statistics, measured with three proxy variables namely, Accuracy, Timeliness, and Relevance of Official Statistics. Quality of official statistics refers to the reliability of the official statistics and not necessarily the accuracy of the information provided.

Table 9: Respondent's satisfaction level with accuracy, timeliness, and relevance

Type of Official Statistics	Level of Satisfaction		
	Accuracy (%)	Timeliness (%)	Relevance (%)
Agriculture Statistics	65.37	49.78	76.19
National Accounts	63.24	69.61	79.90
Price Statistics	57.72	62.42	72.48
Foreign Trade Statistics	71.05	58.77	69.30
Industry Statistics	53.79	45.52	61.38
Labor Statistics	57.59	48.69	69.63
Poverty Statistics	59.11	48.18	67.61
Population, Demographic & Vital Statistics	73.13	54.73	79.85
Health Statistics	59.12	51.57	64.15
Gender Statistics	69.74	56.58	69.08
Education Statistics	72.83	57.07	77.17
Environment Statistics	58.02	48.85	65.65
Crime/Judicial Statistics	65.63	59.38	71.88
Others	85.71	57.14	57.14

সারণি ৯-এ দেখা যায়, ৭৩.১৩ শতাংশ পরিসংখ্যান ব্যবহারকারীগণ জনসংখ্যা, জনমিতি এবং জন্ম, মৃত্যু, বিবাহ, ইত্যাদি পরিসংখ্যানের ‘যথার্থতা’ এর ব্যাপারে সন্তুষ্ট। ‘সময়োপযোগিতা’ এর বিষয়ে ৬৯.৬১ শতাংশ জাতীয় হিসাব পরিসংখ্যানকে উপযুক্ত হিসেবে বিবেচনা করেন। ৭৯.৯০ শতাংশ ব্যবহারকারী জাতীয় হিসাব পরিসংখ্যানের প্রাসঙ্গিকতার ব্যাপারে সন্তুষ্ট জানান। সারণি ৯-অনুযায়ী যথার্থতা, সময়োপযোগিতা ও প্রাসঙ্গিকতার ব্যাপারে উত্তরদাতাগণের সন্তুষ্টির মাত্রায় পরিসংখ্যানের বিভিন্ন ডোমেইনের ভিত্তিতে ভিন্নতা পরিলক্ষিত হয়।

● যথার্থতা

জনসংখ্যা, জনমিতি এবং জন্ম, মৃত্যু, বিবাহ, ইত্যাদি পরিসংখ্যান, শিক্ষা পরিসংখ্যান, ও বৈদেশিক বাণিজ্য পরিসংখ্যানের যথার্থতা নিয়ে ব্যবহারকারীগণের যথাক্রমে ৭৩.১৩, ৭২.৮৩, ও ৭১.০৫ শতাংশ সন্তোষ প্রকাশ করেন।

● সময়োপযোগিতা

জাতীয় হিসাব পরিসংখ্যান, অপরাধ/বিচারিক পরিসংখ্যানের সময়োপযোগিতা নিয়ে ব্যবহারকারীগণের যথাক্রমে ৬৯.৬১, ৫৯.৩৮, ও ৫৭.০৭ শতাংশ সন্তোষ প্রকাশ করেন।

Table 9 shows that, in general, 73.13 % of users are satisfied with the accuracy of Population, Demographic & Vital statistics, and statistical products. In terms of timeliness, 69.61% are satisfied with the National Accounts statistics. 79.90% of users are satisfied with the relevance of National Accounts statistics. As shown in Table 9, respondent's level of satisfaction with the accuracy, timeliness, and relevance of official statistics varied across different domains of statistics as summarized below.

● Accuracy:

Most users are satisfied with Population, Demographic & Vital Statistics (73.13%), and statistical products, followed by Education Statistics (72.83%) and Foreign Trade Statistics (71.05%).

● Timeliness:

Most users are satisfied with National Accounts Statistics (69.61%), followed by Crime and Judicial Statistics (59.38%) and Education Statistics (57.07%).

• প্রাসঙ্গিকতা

জাতীয় হিসাব পরিসংখ্যান, জনসংখ্যা, জনমিতি এবং জন্ম, মৃত্যু, বিবাহ, সম্পর্কিত পরিসংখ্যান, ও শিক্ষা পরিসংখ্যানের প্রাসঙ্গিকতা নিয়ে ব্যবহারকারীগণের যথাক্রমে ৭৯.৯০, ৭৯.৮৫, ও ৭৭.১৭ শতাংশ সন্তোষ প্রকাশ করেন।

৪.১১ সরকারি পরিসংখ্যান-এ অভিজ্ঞতা

টেবিল ১০-এ সরকারি পরিসংখ্যান ব্যবহারকারীগণের অভিজ্ঞতা সম্পর্কিত মূল্যায়ন উপস্থাপন করা হয়েছে। সাধারণভাবে জনসংখ্যা, জনমিতি এবং জন্ম, মৃত্যু, বিবাহ সম্পর্কিত পরিসংখ্যান ব্যবহারকারীগণের ৮৪.১৬ শতাংশ মনে করেন যে, পরিসংখ্যানিক তথ্য-উপাত্ত ও সরকারি পরিসংখ্যান-এর প্রাপ্তি বা অভিজ্ঞতা তুলনামূলকভাবে সহজ (খুব সহজ এবং সহজ)। স্বাস্থ্য সংক্রান্ত পরিসংখ্যানের ব্যবহারকারীগণের (২৫.১৬ শতাংশ) নিকট তা কিছুটা কঠিন মনে হয়। অন্যদিকে মূল্য ও মজুরি পরিসংখ্যান প্রাপ্তির ক্ষেত্রে ৮.১১ শতাংশ ব্যবহারকারী সবচেয়ে বেশি অসুবিধার সম্মুখীন হন মর্মে প্রতীয়মান হয়।

• Relevance:

Most users are satisfied with National Accounts Statistics (79.90%), followed by Population, Demographic & Vital Statistics (79.85%), and Education Statistics (77.17%).

4.11 Access to Official Statistics

Table 10 presents an assessment of the accessibility of official statistics. Generally, 84.16% of the users of Population, Demographic & Vital Statistics think that it is easy (Very easy & Easy) to access official statistics and statistical products while users of Health Statistics think it is somewhat difficult (25.16%). On the other hand, 8.11% of users of Price Statistics faced the highest difficulty to access official statistics and statistical products.

Table 10: Access to Official Statistics

Type of Official Statistics	Very Easy (%)	Easy (%)	Somewhat Difficult (%)	Difficult (%)
Agriculture Statistics	12.07	62.93	21.12	3.88
National Accounts	18.72	62.07	13.30	5.91
Price Statistics	19.59	56.08	16.22	8.11
Foreign Trade Statistics	18.26	57.39	20.0	4.35
Industry Statistics	12.33	57.53	23.29	6.85
Labor Statistics	16.75	55.5	21.99	5.76
Poverty Statistics	18.4	58.00	18.80	4.80
Population, Demographic & Vital Statistics	18.81	65.35	13.86	1.98
Health Statistics	11.95	59.12	25.16	3.77
Gender Statistics	15.03	63.40	16.99	4.58
Education Statistics	16.58	64.71	16.04	2.67
Environment Statistics	18.52	56.30	19.26	5.93
Crime/Judicial Statistics	15.63	62.50	15.63	6.25
Others	25.00	50.00	25.00	0

৪.১২ সরকারি পরিসংখ্যান-এ অভিজ্ঞতার ক্ষেত্রে অন্তরায়সমূহ

ব্যবহারকারীগণ যে কারণগুলোকে সরকারি পরিসংখ্যানের অভিজ্ঞতার ক্ষেত্রে অন্তরায় মনে করেন তা টেবিল ১১-এ দেখানো হয়েছে। যারা মনে করেন, সরকারি পরিসংখ্যান প্রাপ্তির ক্ষেত্রে অসুবিধার সম্মুখীন হতে হয় তাদের মধ্যে অপরাধ/বিচারিক পরিসংখ্যান ব্যবহারকারীগণের ২০ শতাংশ প্রয়োজনীয় তথ্য-উপাত্ত কোথায় পাওয়া যায় এ সম্পর্কে অবগত নন। শিক্ষা পরিসংখ্যান ব্যবহারকারীগণের ৪২.৪২ শতাংশ তাদের প্রয়োজনীয় তথ্য-উপাত্ত এবং পরিবেশ পরিসংখ্যান ব্যবহারকারীগণের ৫৮.৮২ শতাংশ কোন মেটাডাটা না পাওয়াকে অন্তরায় বলে মনে করছেন।

4.12 Reasons for difficulty in accessing official statistics

